# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ আকিদা'হ ও তাওহীদ

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

কিয়ামতে প্রত্যেক সন্তানকে কি তাঁর মায়ের নাম জুড়ে ডাকা হবে?

এ ব্যাপারে যে হাদিস বর্ণিত আছে, তা সহীহ নয়।৫১ সুতরাং সঠিক হল এই যে, ‘প্রত্যেক সন্তানকে তাঁর বাপের নাম জুড়েই ডাকা হবে।’ মহানবী (সঃ) বলেছেন, ‘কিয়ামতে তোমাদেরকে তোমাদের ও তোমাদের বাপের নাম ধরে ডাকা হবে।’ নবী (সঃ) আরও বলেছেন, ‘কিয়ামতে প্রত্যেক (প্রতিশ্রুতি ভঙ্গকারী) প্রতারকের জন্য একটি করে পতাকা উড্ডয়ন করা হবে, আর বলা হবে, ‘এ হল অমুকের পুত্র অমুকের প্রতারণা।’ ৫৩ লক্ষণীয় যে, হাদীসে ‘ফুলান’ (পুং-বাচক) বলা হয়েছে, ‘ফুলানাহ’ (স্ত্রী-বাচক) বলা হয়নি।

## ফুটনোট

৫১ (সিলসিলায়ে যঃ ৪৩৩)
৫৩ (বুখারী ৬১৭৭, মুসলিম ৪৬২৯ নং)

Source — https://www.hadithbd.com/books/link/?id=48

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন